


ADD(Planning)
২৩/১০/১৬

বীজ প্রত্যয়ন এজেন্সীতে কৃষিবিদ জনাব নিরঞ্জন সরকারের অকাল মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত

কৃষিবিদ জনাব নিরঞ্জন সরকার, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, ঢাকা অঞ্চল, ঢাকা- এর অকাল প্রয়াণে বীজ প্রত্যয়ন এজেন্সীর সদর দপ্তর, আঞ্চলিক ও জেলা পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে এক শোকসভা অদ্য ১৯ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় কর্মকর্তা ও কর্মচারীগণ প্রয়াত এ কর্মকর্তার প্রতি শ্রদ্ধা জানিয়ে তার সহজ সরল জীবনের স্মৃতিচারণ করেন। কৃষিবিদ জনাব আলহাজ্ব এস. এম. সিরাজুল ইসলাম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী প্রয়াত এ কর্মকর্তার বেতন-ভাতাসহ সকল অসমাপ্ত কাজ শীঘ্রই সম্পন্ন হওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। দীর্ঘদিন যাবৎ কিডনী ও হার্টের অসুস্থতায় ভুগে বিগত ১৩ অক্টোবর ২০১৬ খ্রি: তারিখে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।



পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১